

# **Early On কর্তৃক শিশুর বিকাশ মূল্যায়নের জন্য**

## **অভিভাবকের সম্মতিপত্র**

শিশুর আইনি নাম: \_\_\_\_\_ জন্ম তারিখ: \_\_\_\_\_

পিতামাতা/অভিভাবকের নাম: \_\_\_\_\_ তারিখ: \_\_\_\_\_

আপনার শিশুকে স্ক্রিনিং করার জন্য নিচে আপনার স্বাক্ষর দেওয়ার মাধ্যমে আপনার লিখিত অবহিত সম্মতি প্রদান করতে হবে। বিকাশগত স্ক্রিনিংয়ের উদ্দেশ্য হলো শিশুর বিকাশগত দক্ষতা কি প্রত্যাশিতভাবে এগুচ্ছে নাকি অতিরিক্ত মূল্যায়নের প্রয়োজন আছে তা নির্ধারণ করা।

স্ক্রিনিং সম্পাদনের পদ্ধতি আপনার শিশুর চাহিদা অনুযায়ী ভিন্ন হতে পারে। এই প্রক্রিয়ায় আপনার শিশুর বিকাশ নিয়ে কয়েকটি প্রশ্নের উত্তর দিতে হতে পারে অথবা একটি জরিপ পূরণ করার প্রয়োজন হতে পারে। Early On-এর পক্ষ থেকে কেউ আপনার শিশুর খেলাধুলার কার্যক্রম পর্যবেক্ষণ করতে পারেন।

আপনার শিশুর স্ক্রিনিং নিম্নলিখিত বিকাশমূলক ক্ষেত্রগুলোতে করা হবে:

- যোগাযোগ – আপনার শিশু নিজের প্রয়োজন সম্পর্কে কীভাবে বোঝে এবং কীভাবে আপনাকে জানায়।
- সামাজিক-আবেগগত – আপনার শিশু কীভাবে পরিবারের সদস্য এবং অন্যদের সাথে মেলামেশা করে।
- বুদ্ধিগুরুত্বিক – আপনার শিশু কীভাবে চিন্তা এবং সমস্যার সমাধান করে।
- অভিযোজনক্ষম – আপনার শিশু কীভাবে পোশাক পরা, খাওয়া ও টয়লেটের কাজগুলো সম্পন্ন করে।
- শারীরিক – আপনার শিশু কীভাবে চলাফেরা করে এবং হাত-পা ব্যবহার করে।

স্ক্রিনিংয়ের আইটেমগুলো আপনার শিশুর বয়সে সাধারণত বিকাশগত যে মাইলফলকগুলো অর্জিত হয় তার উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। উদাহরণস্বরূপ, 16 মাস বয়সী শিশুর জন্য সূক্ষ্ম-পেশি দক্ষতার স্ক্রিনিংয়ের প্রশ্নে আপনার শিশু বইয়ের পাতা উল্টাতে সাহায্য করে কি না তা জানতে চাওয়া হতে পারে যে। 22 মাস বয়সী শিশুর জন্য যোগাযোগ সম্পর্কিত একটি প্রশ্ন হতে পারে এমন যে, আপনার শিশু ‘মা’ ও ‘বাবা’ ছাড়া অতিরিক্ত আরো 15টি বা তার বেশি শব্দ বলে কি না।

ফলাফল এবং সুপারিশগুলো নিয়ে Early On আপনার সাথে কথা বলবে। Early On-এর অধীনে আরো বাড়তি মূল্যায়নের প্রয়োজন আছে কি না তা নির্ধারণ করতে স্ক্রিনিংয়ের ফলাফল ব্যবহার করা হবে।

স্ক্রিনিংয়ের সময়ে পাওয়া ফলাফল এবং তথ্য গোপনীয় থাকবে। মূল্যায়নের প্রয়োজনীয়তা রয়েছে কি -না তা স্ক্রিনিং নির্ধারণ করুক বা না করুক, স্ক্রিনিং প্রক্রিয়ার যেকোনো সময়ে একটি মূল্যায়নের অনুরোধ করার অধিকার আপনার রয়েছে। স্ক্রিনিং বা মূল্যায়নের জন্য কোনো খরচ নেই।

### **স্বীকৃতি এবং সম্মতির বিবৃতি**

আমি উপরে বর্ণিত স্ক্রিনিং সম্পন্ন করার জন্য Early On-কে আমার অবহিত সম্মতি প্রদান করছি। আমি বুঝতে পারছি যে আমার সম্মতি প্রাচীকৃত। আমি বুঝতে পারছি যে স্ক্রিনিং প্রক্রিয়ার যেকোনো সময় আমি যোগ্যতা নির্ধারণের জন্য একটি বিকাশগত মূল্যায়নের অনুরোধ করতে পারি।

পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর: \_\_\_\_\_ তারিখ: \_\_\_\_\_

Early On-এর প্রতিনিধি: \_\_\_\_\_ এজেন্সি: \_\_\_\_\_

তারিখ: \_\_\_\_\_